

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
লেজিসলেটিভ সাপোর্ট উইং
আইন প্রণয়ন শাখা-১
www.parliament.gov.bd

বৃহস্পতিবার ১০ বৈশাখ ১৪৩৩ মোতাবেক ২৩ এপ্রিল ২০২৬
বিকাল ৩:০০ ঘটিকায় অনুষ্ঠেয় সংসদের বৈঠকের জন্য

দিনের কার্যসূচি

প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর
(মন্ত্রিপরিষদ বিভাগ, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়)

বেসরকারি সদস্যদের সিদ্ধান্ত-প্রস্তাব

উত্থাপনীয় সিদ্ধান্ত-প্রস্তাব

- ১। বেগম রুমিন ফারহানা (ব্রাহ্মণবাড়িয়া-২), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, ব্রাহ্মণবাড়িয়া-২ নির্বাচনী এলাকায় ঘরে ঘরে গ্যাস নতুন সংযোগ দেওয়া হউক।”।
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ২। জনাব এ, ই, সুলতান মাহমুদ বাবু (জামালপুর-২), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, জামালপুর জেলার ইসলামপুরে একটি কোল্ড স্টোরেজ নির্মাণ করা হউক।”।
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ৩। জনাব রেজা আহাম্মেদ (কুষ্টিয়া-১), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার মরিচা ইউনিয়নের নদী ভাঙ্গন রোধকল্পে রকের মাধ্যমে বাঁধ নির্মাণ করা হউক।”।
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ৪। জনাব আখতার হোসেন (রংপুর-৪), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, রংপুর জেলার কাউনিয়া ও পীরগাছা রেল স্টেশনের আধুনিকায়নসহ উত্তরবঙ্গের সাথে ঢাকার দূরত্ব কমাতে সরাসরি ব্রডগেজ রেলপথ নির্মাণ করা হউক।”।
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ৫। জনাব ফখর উদ্দিন আহমেদ (ময়মনসিংহ-১১), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলায় সরকারিভাবে একটি মহিলা ডিগ্রী কলেজ স্থাপন করা হউক।”।
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

উপস্থাপনীয় কাগজপত্র

জনাব আমির খসরু মাহমুদ চৌধুরী, মাননীয় অর্থ মন্ত্রী, সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ১৫(৪) ধারা অনুযায়ী ‘২০২৫-২৬ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকের বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন’ উপস্থাপন করিবেন।

রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাব

মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনা।

ঢাকা,
০৯ বৈশাখ ১৪৩৩
২২ এপ্রিল ২০২৬

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।